গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৭২.৪৪.০০০২.২৫.৫৯

তারিখ: ৩০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতির দায়িত্ব পালন।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট ডিভিশন এর রিট পিটিশন নং- ১৬৭৫৭/২০২৫ মামলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ০৮-০৯-২০২৫ তারিখে জারিকৃত 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ অন্যান্য বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী এডহক কমিটি ও নিয়মিত কমিটি গঠন সংক্রান্ত' পরিপত্রটি ০৩ (তিন) মাসের জন্য স্থগিত করা হয়েছে।

০২। বিদ্যমান পরিস্থিতিতে অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ অন্যান্য শিক্ষা বোর্ড (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪' এর অনুচ্ছেদ ৬৯ অনুযায়ী উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক বা তার প্রতিনিধি কর্তৃক সভাপতির দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-১১-২০২৫
সাইয়েদ এ.জেড. মোরশেদ আলী
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
৯৫৪৫৭২০
nongovt.secondary.sec1@shed.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২। চেয়ারম্যান , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
৩। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৪। চেয়ারম্যান (Deputation), চেয়ারম্যান এর দপ্তর, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
৬। চেয়ারম্যান , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
৭। চেয়ারম্যান, চেয়ারম্যান দপ্তর , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৯। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৭২.৪৪.০০০২.২৫.৫৯/১ (১০)

৩০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ১৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, ------------------------------------------------ (সকল)।
২। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, --------------------------------------------- (সকল)।
৫। পরিচালক/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, ------------------------------ (সকল)।
৬। জেলা শিক্ষা অফিসার, ---------------------------------------------------- (সকল)।
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ------------------------------------------------ (সকল)।
৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
১০। অফিস, কপি।

১৬-১১-২০২৫
সাইয়েদ এ.জেড. মোরশেদ আলী
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)